# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ৬. যিহোশূয়ের পুস্তকের দু’ অধ্যায়ের বৈপরীত্য

যীশু, যিহোশূয়, যোশুয়া, ইউসা ও ঈসা একই নামের বিভিন্ন উচ্চারণ মাত্র। নামটা বনি-ইসরাইলের মধ্যে প্রসিদ্ধ ছিল এবং এ নামে অনেক প্রসিদ্ধ মানুষ ছিলেন। মূসা (আ.)-এর খাদেম ও পরবর্তী নবী ছিলেন ইউসা, ঈসা, যীশু বা যিহোশূয়। তাঁরই নামে বাইবেলের ৬ষ্ঠ পুস্তক। যিহোশূয়ের বা ইউসার পুস্তকের ১০ম অধ্যায় থেকে জানা যায় যে, বনি-ইসরাইলরা যখন জেরুজালেমের রাজাকে হত্যা করলেন তখন তারা তার দেশ অধিকার করেন। অথচ একই পুস্তকের ১৫ অধ্যায় থেকে জানা যায় যে, তারা জেরুজালেম রাজ্যের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারেননি বা রাজ্যের অধিবাসীদেরকে অধিকারচ্যুত করতে পারেননি। (যিহোশূয় ১০/৪২; ১৫/৬৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13963

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন